খণ্ড 20

Dekalb County School District পরিবারকে শুভেচ্ছা,

শুভ নববর্ষ! 2021 শুরু করার জন্য আমি উন্মুখ। 2020 এ আপনাদের স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন, কঠোর পরিশ্রম, ধৈর্য এবং সাহসের জন্য আমাদের কমিউনিটির সকলকে ধন্যবাদ। এই কঠিন পরিস্থিতিতেও স্কুল শিক্ষাবর্ষ শেষ করতে আমি কাজ করছি।

এছাড়াও আমি আমাদের কর্মীদের ধন্যবাদ জানাতে চাই যারা শিক্ষার ইতিহাসে আগে কখনও হয়নি এমন কাজ করার দায়িত্ব নিয়েছিল এবং এর জন্য ডিস্ট্রিক্ট তাদের কাছে কৃতজ্ঞ। এই সপ্তাহে স্কুলে পরিদর্শন করার সময় অনেক শিক্ষককে আবার স্কুলে ফিরতে দেখে আমি আনন্দিত হয়েছি। অনেকে আমাদের শিক্ষার্থীদের প্রতি তাদের প্রতিশ্রুতিবদ্ধতা এবং স্কুলে ফিরে যাওয়ার বিষয়ে উচ্ছ্বাস প্রকাশ করছেন। আমার পরিদর্শনকালে, আমি সুরক্ষা চিহ্ন, হ্যান্ড স্যানিটাইজার স্টেশন এবং ভার্চুয়াল স্টাফ মিটিং পর্যবেক্ষণ করার সুযোগ পেয়েছিলাম। যেহেতু আমরা হাইব্রিড লার্নিং মাধ্যমে এগোচ্ছি, তাই মনে রাখবেন যে আমি আপনাদের উদ্বেগগুলি শুনছি। আমি চ্যালেঞ্জ থেকে সরে যেতে চাই না, তবে আপনার প্রচেষ্টায় আমি উত্সাহ বোধ করি।

ভবনের প্রস্তুতি

স্কুলে এসে ক্লাস করার ক্ষেত্রে নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখা হল আমাদের প্রথম কাজ। অপারেশনস টিম প্রতিটি ভবন ও স্কুল স্কুলের কর্মীদের এবং শিক্ষার্থীদের নিরাপদ শিক্ষার পরিবেশে ফিরে আসতে প্রস্তুত তা নিশ্চিত করার জন্য মানক ব্যবহার করছে। DCSD স্কুলের প্রস্তুতির ক্ষেত্রে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ পরিদর্শন রয়েছে:

- ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (PPE) ও স্বাস্থ্যবিধির সরঞ্জাম
- পরিষ্কার ও পদ্ধতির সরঞ্জাম
- শারীরিক দূরত্বে বসার ব্যবস্থা ও দূরত্ব বজায়
- পানির ব্যবস্থা
- প্লাম্বিং ও HVAC সিস্টেম
- কোভিড-19 স্কুলের নিরাপত্তার চিহ্ন

DCSD যখন আবার স্কুল খোলার জন্য প্রস্তুতি নিচ্ছে, তখন DCSD-এর ভবনগুলোর প্রস্তুতির হার 75%। ভবনের প্রস্তুতি একটি একটি চলমান প্রক্রিয়া এবং ডিস্ট্রিক্ট লিডারশীপ শিক্ষার্থী ও কর্মীদের স্কুলের আসার পরও ভবন পরিদর্শন, নতুন রুটিন এবং সুরক্ষা প্রোটোকল পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে।

নববর্ষের আগে জানানো হয়েছিল যে, স্কুলে পজিটিভিটি হার এবং কোভিড-19 সংক্রমণের ঝুঁকি হ্রাস করা জন্য পাঁচটি নীতি কৌশল বাস্তবায়ন করা সহ CDC-এর মধ্যে নির্দেশনার উপর ভিত্তি করে এটি তৈরি হয়েছে। এই কৌশলগুলি বাস্তবায়ন কর আমাদের মহামারী চলাকালীন আমাদের কর্মী এবং শিক্ষার্থীদের নিরাপদ থাকার বিষয়টি নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ হবে।

প্রশমন কৌশল

স্কুলের মধ্যে কোভিড-19 সংক্রমণ ছড়ানোর ঝুঁকির স্তর কমাতে CDC-এর পাঁচটি প্রশমন কৌশল হল:

- মাস্কের ধারাবাহিক ও সঠিক ব্যবহার
- যতটা সম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখা
- হাত ধোয়া
- পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা
- DeKalb-এর স্বাস্থ্য পর্ষদের সঙ্গে মিলে কন্ট্যাক্ট ট্রেসিং

আমরা শিক্ষার্থীদের এখনই এই কৌশলগুলি অনুশীলন করতে উত্সাহিত করছি, স্কুল খুলে গেলে মাস্ক পরা, শারীরিক দূরত্ব এবং হাত ধোওয়ার বিষয়টি পরিচিত ও স্বাভাবিক থাকে।

হাত ধোয়া জীবাণু বিস্তার রোধ করার এবং কোভিড-19 ভাইরাস ছড়িয়ে যাওয়ার ঝুঁকি হ্রাস করার একটি গুরুত্বপূর্ণ উপায়, কমপক্ষে 20 সেকেন্ডের জন্য সাবান ও পানি দিয়ে বা যেখানে সহজেই পানি পাওয়া যায় না সেখানে 60%অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করে হাত ধোওয়া। CDC-এর মতে, এর ফলে যে সব জীবাণু থেকে অসুস্থতা ছড়ায় তার বিস্তার কমে যায়। গরম ও ঠান্ডা পানি উভয়েই আপনার হাত থেকে একই সংখ্যক জীবাণু অপসারণ করে।

সমস্ত নিরাপত্তা প্রোটোকল কোভিড-19-এর বিস্তার কমিয়ে আনার জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Disease Control and Prevention, CDC) এবং DeKalb কাউন্টির স্বাস্থ্য পর্ষদের (DeKalb County Board of Health) নির্দেশিকা অনুসারে নেয়া হয়েছে।
সঠিকভাবে হাত ধোয়া সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে CDC ওয়েবসাইট, দেখুন
অপারেশনস কোভিড-19 সংক্রান্ত নির্দেশিকার জন্য এটি দেখুন:
https://www.dekalbschoolsga.org/school-reopening/safety-protocol/।

কর্মী ও বিকল্প কাজের নিয়োগ

আমরা বুঝতে পারছি যে কর্মীরা তাদের পরিবারের পক্ষে যা সর্বোত্তম তা করছে এবং আমাদের শিক্ষার্থী এবং ডিস্ট্রিক্টের সহায়তার জন্য তাদের মঙ্গল জরুরি। আমাদের কিছু কর্মী কষ্টের অনুরোধ জমা দিয়েছেন, যা এমন একটি পদ্ধতি যার মাধ্যমে আপনি স্কুলে ফিরে আসা বা আপনার কাজের সময় সংক্রান্ত কোনো উদ্বেগ বা সমস্যা নথিভুক্ত করেন। সমস্ত কর্মী কষ্টের অনুরোধ করতে পারে। তবে বিকল্প কাজের নিয়োগ (alternate work assignment, AWA) সকল কর্মীদের জন্য একই নাও হতে পারে। AWA কর্মীর প্রাথমিক কর্তব্য ভিত্তিক। যদি কর্মীর কাজ স্কুলে এসে করতে হয়, তাহলে দূর থেকে কাজ করার সুবিধা সম্প্রসারিত করা যাবে না। একটি ভিন্ন বিকল্প বিবেচনা করতে হবে, যেমন কাজের সময়ের সামঞ্জস্যতা (Adjusted Work Schedule) বা বিকল্প কাজের স্থান (Alternate Work Location/Area)।

যোগ্য কর্মীরা আমেরিকান প্রতিবন্ধী আইন (Americans with Disabilities Act, ADA) অনুসারে সুব্যবস্থার জন্য আবেদন করার যোগ্য হতে পারেন ও আবেদন করতে পারেন। যে সকল কর্মী মনে করেন যে তাদের শারীরিক অসুস্থতার কারণে তারা ADA সুব্যবস্থার জন্য যোগ্য, তাদেরকে অবশ্যই একটি ADA আবেদন অবশ্যই পূরণ করতে হবে ও প্রক্রিয়া শুরু করার জন্য সহায়ক মেডিক্যাল সার্টিফিকেশন প্রদান করতে হবে। মানব সম্পদ পুরো প্রয়োগ প্রক্রিয়া জুড়ে এবং অনুমোদিত হলে, একটি উপযুক্ত পরিকল্পনা তৈরি করার জন্য প্রতিক্রিয়াশীল হতে প্রতিশ্রুতিবদ্ধ।

যদি উদ্বেগ বা প্রশ্ন থাকে, তাহলে তা অবিলম্বে আপনার ইমিডিয়েট সুপারভাইজারকে জানান। আমি জানি অবিলম্বে স্কুলে আসা কঠিন ছিল, যদি আপনি অবিলম্বে স্কুলে আসতে না পারেন, সেক্ষেত্রে যদি আপনি সাময়িক কষ্টের অনুরোধ জমা দিয়ে থাকেন, তাহলে ডিস্ট্রিক্ট আপনার উদ্বেগ পর্যালোচনা করে বিবেচনা করেছে। কষ্টের অনুরোধ সংক্রান্ত সমস্ত আবেদন ফ্রেবুয়রী 2, 2021 পর্যন্ত 30 দিনের মধ্যে পর্যালোচনা করে ফলাফল জানাতে হবে। ফরম মানব সম্পদ বিভাগের রিসোর্স পেজে Employee Portal -এ পাওয়া যাবে। আবারও, এই কঠিন পরিস্থিতিতে আপনার কঠোর পরিশ্রম এবং ধৈর্য্যের জন্য আপনাকে অনেক ধন্যবাদ।

DCSD পরিবার

আমাদের পরিবাররা বর্তমানে স্কুলে যাওয়া সঠিক কিনা তার সিদ্ধান্ত নিচ্ছে, তাই ভার্চুয়াল লার্নিং, পরিবহন, নিরাপত্তা প্রোটোকল এবং আরো অনেক কিছু সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যের জন্য আমাদের রি-ওপেনিং সাইট দেখুন। আমি ভার্চুয়াল কমিউনিটি ইনপুট মিটিংয়ের জন্য 11 জানুয়ারী, 2021, সকাল 11:30 এ আমাদের বোর্ড মিটিং দেখতে আমাদের পরিবারদেরকে অনুরোধ করছি। আমরা স্কুলে এসে ক্লাস করা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করব। আপনি DeKalb কাউন্টিতে চ্যানেল 24 এ বা DSTV অনলাইনে এই মিটিং দেখতে পারেন।

9 জানুয়ারী, শনিবার, আমরা স্কুল রিসোর্স অফিসার ডে পালন করব। আমরা আমাদের স্কুল রিসোর্স অফিসারদের আমাদের শিক্ষার্থী, কর্মী, পরিবার এবং কমিউনিটি সুরক্ষার প্রতিশ্রুতি দেয়ার জন্য ধন্যবাদ জানাতে চাই।

পরিশেষে, এই সপ্তাহে আমাদের অনেক শিক্ষার্থী, কর্মী এবং পরিবাররা আমাদের জাতীয় সংসদে আক্রমণের সাক্ষী হয়েছে। এই ছবি আমাদের অল্পবয়স্ক শিক্ষার্থীদের কাছে ভয়ের। আসুন আমাদের মতামতের পার্থক্য সম্পর্কে ইতিবাচক এবং যত্নশীল কথোপকথনের জন্য এগিয়ে এসে এই সময়টি ব্যবহার করি। এই কঠিন 2020 কাটানোর পরে, আমাদের শিক্ষার্থীদের উদ্বেগ এবং ধারণা ভাগ করে নেয়ার জন্য আমাদের সহায়তা এবং একটি নিরাপদ স্থানের প্রয়োজন।

আশা করছি 2021 আরো ভালো হবে এবং আমরা বাইরে ও ভিতরে আগের থেকে অনেক বেশি শক্তিশালী হব।

আপনার 1 নম্বর চিয়ারলিডার

Cheryl Watson-Harris